দৈনিক ইত্তেফাক

৬/১০/২০০৩

তারিখ ...

পৃষ্ঠা ১৩ কলাম ৩

*মুমিনুন্নিসা সরকারী মহিলা কলেজ*

# শিক্ষক স্বল্পতার কারণে ছাত্রীদের পড়াশুনা ব্যাহত

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ বৃহত্তর ময়মনসিংহের মহিলাদের উচ্চশিক্ষার একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান মুমিনুন্নিসা মহিলা মহাবিদ্যালয়ে শিক্ষক সংকট, প্রশাসনিক, অব্যবস্থা এবং অবকাঠামোগত প্রয়োজনীয় সুবিধার অভাবে শিক্ষাদান ব্যাহত হইতেছে। ১৯৫৯ সনে প্রতিষ্ঠিত এই মহিলা মহাবিদ্যালয়টি প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা ছাড়াই ১৯৮০ সনে সরকারীকরণ করা হয়। সরকারীকরণের পর বিভিন্ন সময়ে মোট ১৫টি বিভাগে ৫১ জন শিক্ষক নিয়া অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ মোট শিক্ষকের সৃষ্ট পদ সংখ্যা ৫৩ জন। ইহার বিপরীতে বর্তমানে ৩৫ শিক্ষক কর্মরত আছেন। এই কলেজে গণিত, বাংলা, অর্থনীতি, রাষ্ট্র বিজ্ঞান, সমাজকল্যাণ ও ইংরেজী বিষয়ে অনার্স কোর্স চালু হইলেও শিক্ষক সংখ্যা বৃদ্ধি করা হয় নাই। শিক্ষক স্বল্পতার কারণে ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হইতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। ইহাছাড়া বর্তমান অধ্যক্ষসহ কয়েকটি বিভাগের শিক্ষকগণ ঢাকায় অবস্থান করিবার কারণে নিয়মিত কলেজে উপস্থিত থাকিতে পারেন না এবং এই কারণে ছাত্রীদের পড়াশুনার অসুবিধা হইতেছে বলিয়া অভিযোগ রহিয়াছে।

অন্যদিকে এনাম কমিশনের সুপারিশ অনুযায়ী কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রত্যেক বিষয়ের জন্য একজন সহকারী অধ্যাপক ও একজন প্রভাষক, ডিগ্রীর (পাস) প্রত্যেক বিষয়ের জন্য একজন সহযোগী অধ্যাপক, একজন সহকারী অধ্যাপক ও ২ জন প্রভাষক এবং অনার্স ক্লাসের জন্য প্রত্যেক বিষয়ে একজন অধ্যাপক, একজন সহযোগী অধ্যাপক, ২জন সহকারী অধ্যাপক ও ৩জন প্রভাষকের প্রয়োজন। কিন্তু এই কলেজে ৬টি বিষয়ে অনার্স পড়ানো হইলেও কোন বিভাগেই অধ্যাপক নাই। মুমিনুন্নিসা মহিলা মহাবিদ্যালয়ে ৩ সহস্রাধিক ছাত্রী অধ্যয়ন করে। কিন্তু এই কলেজের হোষ্টেলে মাত্র ২২০ জন ছাত্রীর আবাসিক ব্যবস্থা থাকায় বৃহত্তর ময়মনসিংহের অনেক ছাত্রী পড়াশুনা করিতে পারে না। ইহাছাড়া কলেজে কেবল অধ্যক্ষের জন্য বাসস্থান বরাদ্দ থাকায় অন্যান্য শিক্ষক শহরের বিভিন্ন জায়গায় অবস্থান করেন। কলেজের কোন নিজস্ব যানবাহন না থাকায় ছাত্রী ও শিক্ষকের যাতায়াতে সমস্যা হয়। সেই কারণে বর্ষাকালে ছাত্রী ও শিক্ষক উপস্থিতি কমিয়া যায়। মুমিনুন্নিসা মহিলা মহাবিদ্যালয়ে বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাব। কলেজে অডিটরিয়াম নাই এবং সাহিত্য-সংস্কৃত ও খেলাধূলা চর্চারও সুযোগ কম।

কলেজের সবচাইতে বড় সমস্যা হইতেছে ঘন ঘন অধ্যক্ষ বদলি। গত দেড় বছরে ১৪ অধ্যক্ষ বদলি হইয়াছেন। বর্তমান অধ্যক্ষও ঢাকায় থাকেন এবং উপাধ্যক্ষের পদটি শূন্য রহিয়াছে। ফলে সুষ্ঠু ভাবে কলেজ পরিচালনায় কর্তৃপক্ষ কোন কার্যকর ভূমিকা গ্রহণ করিতে পারে না। কলেজের ছাত্রীরা পড়াশুনায় অব্যবস্থার কারণে সভা-সমাবেশ শুরু করিয়াছে। ছাত্রীরা পড়াশুনার সুষ্ঠু ...রিবেশ ফিরাইয়া আনার এবং কলেজ অধ্যক্ষের বদলির দাবীতে জেলা ...শাসককে স্মারকলিপি প্রদান করি...াছে। এই ব্যাপারে ছাত্রীরা প্রেস ...বেও আসিয়া অভিযোগ জানাই...াছে।